

## ভিসি অপসারণের দাবিতে অনড় বুয়েট শিক্ষার্থীরা

শিক্ষামন্ত্রীর সঙ্গে ছাত্রছাত্রীদের বৈঠক

### ■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ভিসির অপসারণের দাবিতে অনড় রয়েছেন শিক্ষার্থীরা। শিক্ষামন্ত্রীর আখ্যায়িক পত্রিকাত্রে তারা আশংকিত হলেও ক্রাসে ফিরে যাওয়ার বিষয়ে আজ বুই-পতিবার সিদ্ধান্ত গ্রহণ করবেন। গতকাল বুধবার সন্ধ্যায় শিক্ষা মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রীর সাথে এক বৈঠকশেষে শিক্ষার্থীরা এ কথা বলেন। বিকাল সোয়া ৪টায় মন্ত্রণালয়ের সভাকক্ষে এ বৈঠক শুরু হয়। রাত সাড়ে সাতটার দিকে বৈঠক শেষ হয়। বৈঠকে বুয়েটের বিভিন্ন বিভাগের ১৬ জন শিক্ষার্থী উপস্থিত ছিলেন। তাদের সঙ্গে ছিলেন যহকৌশল বিভাগের অধ্যাপক বো. এহসান এবং শির উৎপাদন, কৌশল বিভাগের অধ্যাপক এ কে এম হাসুন।

বৈঠকশেষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রেস ডিফিনিং বলেন, বুয়েটের পরিবেশ হ্রিডিপীল, নিরাপদ ও নিশ্চিত রাখা আমাদের দায়িত্ব। শিক্ষার্থীদের দাবি ওনেছি। তাদেরকে ক্রাসে অংশগ্রহণ করতে বলা হয়েছে। তারা নির্ধারিত ক্রাসে এক ঘন্টাও অনুপস্থিত থাকলে দেশ ত্যাগ করতে হবে। এর আগে শিক্ষকরাও ক্রাসে ফিরে যাবেন যদি আমাদের কথা দিয়েছেন।

ভিসি বলেন, শিক্ষার্থীরা আমাদের সন্তানের মতো। তাদের কাছে আবেদন জানাই যেন আর দেরী না করে তারা ক্রাসে ফিরে যান।

পৃষ্ঠা ২০ কলাম ৪

## ভিসির অপসারণের

২৪ পৃষ্ঠার পর শিক্ষকরা এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন।

প্রেসডিক্টিংয়ে শিক্ষার্থীরা বলেন, আমরা ভিসি এবং প্রো-ভিসির অপসারণের এক দফা দাবি নিয়ে শিক্ষামন্ত্রীর সাথে বৈঠকে বসেছিলাম। তিনি আমাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলে আশ্বত করেছেন। শিক্ষার্থীরা বলেন, চারটি বিষয়ে নষ্টী আমাদের আশ্বত করেছেন। এগুলো হলো- আমাদের বিরুদ্ধে কোনো ধরনের শারীরিক, একাডেমিক ও আইনি হয়রানি করা হবে না; দায়েরকৃত মানদা প্রত্যাহার করা হবে; শিক্ষকদের দেরী প্রতিশ্রুতি দ্রুত বাস্তবায়ন করবেন এবং বুয়েটের সম্মান এবং ঐতিহ্য রক্ষায় প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করবেন।

ক্রাসে ফিরে যাবেন কিনা এমন প্রশ্নে শিক্ষার্থীরা বলেন, মন্ত্রীর বক্তব্য এবং প্রতিশ্রুতিগুলো আগামীকাল (বৃহস্পতিবার) বুয়েটের অন্য শিক্ষার্থীদের জানানো হবে। তাদের মতামত নিয়ে ক্রাসে অংশগ্রহণের সিদ্ধান্ত জানানো হবে। ভিসির পদত্যাগের দাবি বহাল রয়েছে।

বৈঠকে উপস্থিত শিক্ষার্থী সন্দীপ সাহা বলেন, মন্ত্রীর কাছে আমরা ভিসিরও পদত্যাগ দাবি করেছি। তিনি সরাসরি উত্তর না দিয়ে বলেছেন, বুয়েটের ঐতিহ্য ও সম্মান রক্ষায় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হবে।

শিক্ষামন্ত্রীর সাথে সরকারের পক্ষে বৈঠকে উপস্থিত ছিলেন শিক্ষা সচিব কামাল আবদুল নাসের চৌধুরী ও অতিরিক্ত সচিব সাদাউদ্দিন আকবর।

বুয়েট শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক বো. আশরাফুল ইসলাম বলেন, শিক্ষামন্ত্রীর সাথে সমিতির বৈঠকে আমরা আশ্বত হয়েছি। প্রো-ভিসিকে প্রত্যাহারের প্রক্রিয়া শুরু হয়েছে বলে জানা গেছে। ভিসি অধ্যাপক নূরুল ইসলামকে অপসারণের দাবি রেবেই আমরা ক্রাসে যোগ দেয়ার সিদ্ধান্ত নিয়েছি। তবে দীর্ঘদিন শিক্ষকরা ক্রাসে ও অন্যান্য প্রশাসনিক কার্যক্রম থেকে দূরে থাকায় একাডেমিক ক্যাডেমতার নতুন করে তৈরি করতে হবে। সে প্রতিশ্রুতি চলছে। শিক্ষার্থীরাও তাদের দাবি পূরণ না হলে ক্রাসে ফিরে না যাওয়ার ঘোষণা দিয়েছে। এ বিষয়গুলো বিটলেই স্বতন্ত্রত সম্ভব ক্রাস শুরু হবে।

অপর এক শিক্ষক জানিয়েছেন, সরকারের আখ্যায়িক সমিতি আশ্বত হলেও প্রতিশ্রুতি পূরণ না হওয়া পর্যন্ত তারা ক্রাসে ফিরবেন না। প্রো-ভিসিকে অপসারণ এবং শিক্ষক-শিক্ষার্থীদের বিরুদ্ধে দায়েরকৃত সকল মানদা ও সাধারণ ডায়েরী প্রত্যাহার করলেই তারা ক্রাসে ফিরবেন।

এ প্রসঙ্গে শাখরাজ খানার তদন্ত কর্মকর্তা আবদুল জলিল বলেন, শিক্ষক ও শিক্ষার্থীদের বিরুদ্ধে দায়েরকৃত মানদাগুলো প্রত্যাহারের আবেদন করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। কিন্তু এ মানদা প্রত্যাহারের সুযোগ নেই বাদী বা পুদিশের। আগামী রবি বা সোমবার মামলার চূড়ান্ত প্রতিবেদন আদালতে প্রেরণ করা হবে। আদালতই মানদা প্রত্যাহার বা অন্য কোনো সিদ্ধান্ত গ্রহণ করবে।